গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়
প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ
মিরপুর-২, ঢাকা-১২১৬
www.dpe.dhakadiv.gov.bd

নম্বর: ৩৮.০১.৩০০০.০০০.০৮.০১০.২৩.২৮৫০

তারিখ: ৭ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
২১ মে ২০২৩ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা এর আওতাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নিম্নবর্ণিত শিক্ষককে নির্ধারিত ছুটি বিধিমালা ১৯৫৯ এর ৩(১)(।।।) ধারা মোতাবেক অর্ধগড় বেতনে (বহি: বাংলাদেশ) ছুটি মঞ্জুরসহ নিম্নবর্ণিত শর্তে নিজ খরচে তাঁর নামের পার্শ্বে উল্লেখিত দেশে ভ্রমণের অনুমতি প্রদান করা হলো।

ক্রমিক নং	শিক্ষকের নাম, পদবী ও কর্মস্থল	ভ্রমনের সময়কাল	ভ্রমণের উদ্দেশ্য ও দেশ
১	জনাব জ্যোৎস্না রানী সাহা , প্রধান শিক্ষক, ৮৩নং ভূইগড় সরকারি প্রাথমিক বিদ্যালয়, সদর, নারায়নগঞ্জ।	২০.০৫.২০২৩ বা যাত্রার তারিখ হতে ২০ (বিশ) দিন	স্বামীর চিকিৎসার সফরসংগী; ভারত

শর্তাবলী :

ক) ছুটিতে যাওয়ার পূর্বে সংশ্লিষ্ট ক্লাস্টারের সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার এবং উপজেলা/থানা শিক্ষা অফিসারকে অবহিত করতে হবে।

খ) বর্ণিত শিক্ষক বাংলাদেশে প্রত্যাবর্তনের পরে অনতিবিলম্বে সংশ্লিষ্ট ক্লাষ্টারের সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার এবং উপজেলা/থানা শিক্ষা অফিসারের নিকট রিপোর্ট করবেন;

গ) বিদেশ ভ্রমন ও অবস্থানের জন্য সরকারের উপর কোন আর্থিক দায়-দায়িত্ব বর্তাবে না;

ঘ) তিনি ছুটিকালীন সময়ের বেতন ভাতাদি বাংলাদেশী মুদ্রায় প্রাপ্য হবেন;

ঙ) তিনি নির্ধারিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না।

চ) অনুমোদিত বহি: বাংলাদেশ ছুটি পরবর্তী অননুমোদিত অনুপস্থিতির জন্য তিনি কোন বেতন-ভাতাদি প্রাপ্য হবেন না;

ছ) অনুমোদিত ছুটি ভোগের পরে নির্ধারিত সময়ের মধ্যে কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

জ) এ ছুটি ভোগের ক্ষেত্রে B.S.R (Part-১) এর Appendix-Viii এর Rule-৩৪ এর বিধান প্রযোজ্য হবে;

২১-০৫-২০২৩
মীর্জা মোঃ হাসান খসরু
উপপরিচালক
০২-৪৮০৩১০৬৯

নম্বর: ৩৮.০১.৩০০০.০০০.০৮.০১০.২৩.২৮৫০/১ (১০)

তারিখ: ৭ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
২১ মে ২০২৩ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা;

২। মান্যবর হাইকমিশনার, ঢাকাস্থ ভারতীয় হাইকমিশন, ঢাকা;

৩। পরিচালক (পলিসি ও অপারেশন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা;

৪। পরিচালক, হযরত শাহজালাল আর্ন্তজাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা;

৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নারায়নগঞ্জ;

৬। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, নারায়নগঞ্জ;

৭। উপজেলা শিক্ষা অফিসার, সদর, নারায়নগঞ্জ;

৮। ইমিগ্রেশন অফিসার, স্থলবন্দর (সকল), বাংলাদেশ;

৯। জনাব..... এবং

১০। সংরক্ষণ নথি।

২১-০৫-২০২৩
মীর্জা মোঃ হাসান খসরু
উপপরিচালক